



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর  
প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর বিভাগ  
www.bwmri.gov.bd  
স্বাধীনতা পুরস্কার ২০২২ প্রাপ্ত প্রতিষ্ঠান



স্মারক নম্বর: ১২.২৬.০০০০.০০০.০১৩.২৫.০০০৩.২৫.৩০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: Hyderabad, India-তে আগামী ২৪ মার্চ ২০২৬ তারিখ অনুষ্ঠাতব্য International Maize Improvement Consortium (IMIC)-Asia Maize Field Day and General Body Meeting-এ অংশগ্রহণের জন্য সরকারি আদেশ (জি.ও) জারি প্রসঙ্গে।

সূত্র: P.H. Zaidi, Principal Scientist, Global Maize Program, CIMMYT Int. এর পত্র, তারিখ: ২১/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪ মার্চ ২০২৬ তারিখ Hyderabad, India-তে অনুষ্ঠাতব্য International Maize Improvement Consortium (IMIC)-Asia Maize Field Day and General Body Meeting-এ অংশগ্রহণের জন্য আকাশ আহমেদ খান (পাসপোর্ট নং-A08871685), বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র, বিডার্লিউএমআরআই, জামালপুর এবং মো. মবিনুর রহমান (পাসপোর্ট নং-A01774485), বৈজ্ঞানিক কর্মকর্তা, ভুট্টা প্রজনন বিভাগ, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর-কে CIMMYT কর্তৃপক্ষ আমন্ত্রণ পত্র প্রদান করেছেন।

উল্লিখিত Meeting-এ যোগদানের জন্য উক্ত বিজ্ঞানীগণ আগামী ২৩ মার্চ ২০২৬ তারিখ Hyderabad, India-এর উদ্দেশ্যে রওনা হবেন এবং Meeting-এ অংশগ্রহণ শেষে ২৫ মার্চ ২০২৬ তারিখ বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

উক্ত Meeting-এ অংশগ্রহণের জন্য Hyderabad, India-তে যাওয়া ও আসার বিমান টিকিট, ভিসা প্রসেসিং ফি এবং সেখানে অবস্থানসহ আনুষঙ্গিক সকল ব্যয় CIMMYT কর্তৃপক্ষ বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের আর্থিক কোন সংশ্লেষ নাই। এতদসঙ্গে তাদের জীবন বৃত্তান্ত ও ২ নং বাছাই কমিটির বিবেচনার জন্য পূরণকৃত ফরমসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করা হলো।

অতএব, আকাশ আহমেদ খান, বৈজ্ঞানিক কর্মকর্তা এবং মো. মবিনুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা এর অনুকূলে জি.ও জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

#### সংযুক্তিসমূহঃ

- (১) মো. মবিনুর রহমান, এসও এর ২নং বাছাই কমিটির কাগজপত্রাদি
- (২) আকাশ আহমেদ খান, এসও এর ২নং বাছাই কমিটির কাগজপত্রাদি

২৬-০২-২০২৬

ড. মো. মাহফুজ বাজ্জাজ  
মহাপরিচালক (রপটিন দায়িত্ব)  
ইমেইল : dg.bwmri@bwmri.gov.bd

সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।



*Ahame*

২৬-০২-২০২৬

মো: এনামুল হক

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা